

বাংলাদেশ আনসার ওয়েলফেয়ার ট্রাস্ট (বিএডব্লিউটি)

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী

সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯

স্মারক নং-বিএডব্লিউটি/সপ/০৮/২০২৫- ২২

তারিখঃ ২৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ আনসার ডিডিপি ক্লাব সমিতিসমূহকে উপজেলায় প্লাটুন ভিত্তিক সঞ্জীবন প্রকল্পে আওতাভুক্তকরণ প্রসঙ্গে।

মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও ডিডিপি মহোদয়ের সদয় নির্দেশনা ও সঞ্জীবন প্রকল্পের মূল লক্ষ্য অনুযায়ী বাহিনীর স্বেচ্ছাসেবী সদস্যদের কর্মসংস্থান, জীবনমান উন্নয়ন, এলাকায় আপদকালীন পরিস্থিতি মোকাবিলা, জনসচেতনতা বৃদ্ধি এবং সামাজিক নিরাপত্তা সুনিশ্চিত করতে ইতোমধ্যে স্থাপিত ক্লাব-সমিতিসমূহকে সঞ্জীবন প্রকল্পের আওতাভুক্ত করে ক্লাব সমিতির জায়গাগুলোকে ব্যবহার করতে হবে। এ লক্ষ্যে অবিলম্বে সকল ক্লাব-সমিতির স্থানে সংযুক্ত নমুনা মোতাবেক সাইনবোর্ড এবং অফিসের দৃশ্যমান স্থানে ব্যানার সেট করে আগামী ১৫/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে ওয়েলফেয়ার শাখায় সমাপনী প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২। এছাড়া প্রতিটি উপজেলায় কমপক্ষে ১০টি করে সঞ্জীবন প্লাটুন গঠন করতে হবে। প্রতিটি প্লাটুনে ২৫% অতিরিক্ত সদস্য রাখতে হবে। কোন উপজেলায় ১০টির বেশী ক্লাব সমিতির জায়গা থাকলে দেশের অধিক যতটি ক্লাব সমিতির জায়গা রয়েছে ততটি সঞ্জীবন প্লাটুন হবে। প্রতিটি সঞ্জীবন প্লাটুনের নাম হবে উপজেলার নাম+ সঞ্জীবন প্লাটুন ১/২/৩.....(যেমন: দীঘিনালা সঞ্জীবন প্লাটুন-১, দীঘিনালা সঞ্জীবন প্লাটুন-২, দীঘিনালা সঞ্জীবন প্লাটুন-৩.....)। (নমুনা সংযুক্ত)

৩। এমতাবস্থায় “সঞ্জীবন কর্মসূচী পরিচালনা ও বাস্তবায়ন নির্দেশিকা” অনুযায়ী উপজেলা ভিত্তিক সঞ্জীবন প্লাটুন গঠনপূর্বক সদস্যদের নামীয় তালিকা (প্রতিটি প্লাটুনে সামাজিক সুরক্ষা দল-১ ও সামাজিক সুরক্ষা দল-২ অনুযায়ী বিভাজনপূর্বক) নিম্নছক মোতাবেক আগামী ২৫/০২/২০২৬ খ্রি.তারিখের মধ্যে ওয়েলফেয়ার শাখায় সংশ্লিষ্ট রেঞ্জের মাধ্যমে হার্ড কপি ডাক যোগে এবং সফট কপি হোয়াটসঅ্যাপ গ্রুপে প্রেরিত Google Excel শীট পূরণপূর্বক bawt25@gmail.com-এ প্রেরণের অনুরোধ করা হলো।

“ছক”

ক্রমিক	নাম ও পিতার নাম	স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ	শিক্ষাগত যোগ্যতা	প্রশিক্ষণ ও দক্ষতার তথ্য	এনআইডি নং ও মোবাইল নম্বর	আগ্রহ ও দক্ষতা	ইন্টারনেটের ব্যবহার	বিশেষ যোগ্যতা (যদি থাকে)	মন্তব্য

৪। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০২ পাতা

জেলা কমান্ড্যান্ট (সকল)

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,.....।

স্মারক নং- বিএডব্লিউটি/সপ/০৮/২০২৫-

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক - সদয় অবগতির জন্য।
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ২। উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশন/প্রশিক্ষণ) - ”
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ৩। উপমহাপরিচালক /পরিচালক (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত) (সকল) - ”
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,রেঞ্জ।
- ৪। উপপরিচালক (সমন্বয়) - মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ৫। দপ্তর ও মাস্টার কপি।


মোঃ সোহাগ হোসেন, বিএডি
বিএডি -১২০২০২

উপপরিচালক (ওয়েলফেয়ার) ও কার্যনির্বাহী সদস্য
বাংলাদেশ আনসার ওয়েলফেয়ার ট্রাস্ট (বিএডব্লিউটি)
ই-মেইল: bawt25@gmail.com

তারিখঃ ২৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

উপপরিচালক (ওয়েলফেয়ার)




সামাজিক নিরাপত্তা ও উন্নয়নের অঙ্গীকার



বাংলাদেশ আনসার ও ভিডিপি ওয়েলফেয়ার ট্রাস্টের অধীনে পরিচালিত

সঞ্জীবন প্রকল্প



সদস্যগণ যে সকল সুবিধা প্রাপ্য হবেন।

- সহজ শর্তে বিনিয়োগ সুবিধা প্রাপ্তি।
- লভ্যাংশের ৯০% সদস্যদের মধ্যে বন্টন।
- ওয়েলফেয়ার শাখা থেকে অনুদান সহযোগীতা ও বৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার।
- আভি উন্নয়ন ব্যাংকের শেয়ার প্রাপ্তির সুযোগ।
- বিনা খরচে কর্মমুখী প্রশিক্ষণ প্রাপ্তি।
- বেকারত্ব দূরীকরণ ও কর্মসংস্থানের ব্যবস্থা।
- উৎপাদিত পণ্য দেশব্যাপি ও আন্তর্জাতিকভাবে প্রচার ও পরিবহন সহযোগিতার মাধ্যমে রপ্তানি ও কাঁচামাল সংগ্রহের সুবিধা।
- ৬০ লক্ষ জনবলের নেটওয়ার্কের সাথে যুক্ত থাকা।



সামাজিক নিরাপত্তা ও উন্নয়নের অঙ্গীকার



বাংলাদেশ আনসার ওয়েলফেয়ার ট্রাস্ট এর অধীনে পরিচালিত

আভি সঞ্জীবন কেন্দ্র

দীঘিনালা সঞ্জীবন প্লটন-১, (ইউনিয়ন/স্থানের নাম), ^(উপজেলা) দীঘিনালা, ^(জেলা) খাগড়াছড়ি।

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খাগড়াছড়ি।